

নতুন ভবন তৈরির নির্দেশ বিদ্যালয়ের মাঠে পাঠদান ক্ষুব্ধ আইনমন্ত্রী

ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি ▶

স্কুলের শিক্ষার্থীদের খোলা আকাশের নিচে পড়াশুনা করতে দেখে ক্ষোভ প্রকাশ করেছেন আইনমন্ত্রী আজহারুজ্জামান। গতকাল দিনিয়ার জেলার কসবা উপজেলার নোয়াগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশ দিয়ে যাওয়ার সময় ওই বিদ্যালয়ের শিক্ষার্থীদের খোলা আকাশের নিচে পাঠদানের দৃশ্য নিজের আনে তাঁর। পরে দ্রুত সেখানে একটি ভবন নির্মাণের প্রক্রিয়া শুরু করতে ইউএনওকে নির্দেশ দেন তিনি। যৌক্তিক নিয়ে জানা গেছে, নোয়াগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের খোলা আকাশের নিচে পাঠদান এবং ভবনের জরাজীর্ণ অবস্থা দেখে আইনমন্ত্রী ক্ষোভ প্রকাশ করেন। কিছু সময় পর সমরে প্রতিষ্ঠিত হাবিবুল ইসলাম মেনোরিয়াল হাই স্কুলের উদ্বোধনী অনুষ্ঠানে ইউএনও জালাল সাইফুর রহমানের সঙ্গে তাঁর কথা হয়। এ সময় আইনমন্ত্রী তাঁর কাছে জানতে চান কতটি তিনি পরিদর্শন করেছেন কি না। পরে তিনি নিজের স্কুলের বর্তমান-ভবুর অবস্থা বর্ণনা দেন। সবকিছু শুনে মন্ত্রী সেখানে দ্রুত একটি নতুন ভবন তৈরির প্রক্রিয়া শুরু করতে নির্দেশ দেন। প্রজাপ্রদর্শী কসবা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কাজী মো. আজহারুজ্জামান জানান, পাশ দিয়ে যাওয়ার সময় মাঠে পাঠদানের বিষয়টি মন্ত্রীর চোখে পড়ে। এ সময় তিনি আমাদের নিয়ে গাড়ি থেকে নামেন এবং বিদ্যালয়টি পরিদর্শন করে কত ভবনের ভবুর অবস্থা দেখে ক্ষোভ প্রকাশ করেন। কসবা ইউএনও জালাল সাইফুর রহমান বলেন, মন্ত্রী বিদ্যালয় ভবনের ভবুর অবস্থা দেখে বিরক্ত হন। পরে সেখানে যত দ্রুত সম্ভব নতুন ভবন তৈরির প্রক্রিয়া শুরু করার জন্য আমাদের নির্দেশ দেন। মন্ত্রী নিজেই বিষয়টি দেখাবেন বলে জানিয়েছেন। মন্ত্রীর সহকারী একান্ত সচিব (এপিএম) আজহারুজ্জামান, কায়দার জীবন জানান, গতকাল মন্ত্রীর নির্ধারিত কোনো কর্মসূচি ছিল না। তিনি স্কুল, কলেজ ও রাস্তাঘাট পরিদর্শন করেছেন। পরে নোয়াগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে খোলা আকাশের নিচে পাঠদানের বিষয়টি তাঁর নজরে আসে।